



ব্যক্তির সিদ্ধান্তের কারণে বিশ্বকাপে খেলতে পারেনি বাংলাদেশ: ক্রীড়া প্রতিমন্ত্রী



ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক। ছবি: সংগৃহীত

ব্যক্তিবিশেষের সিদ্ধান্তের কারণে বাংলাদেশ টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলতে পারেনি বলে মন্তব্য করেছেন ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। ভবিষ্যতে এমন পরিস্থিতি যাতে না হয়, সে বিষয়ে সতর্ক থাকার কথাও বলেন তিনি।

রোববার (৪ অক্টোবর) সচিবালয়ে ক্রীড়া কার্ড নিয়ে আয়োজিত বৈঠকের আগে সাংবাদিকদের এসব কথা বলেন আমিনুল হক।

এশিয়ান গেমসে বাংলাদেশ ফুটবলসহ বিভিন্ন খেলায় ভালো করতে পারেনি উল্লেখ করে তিনি বলেন, এবারের ফল হতাশাজনক। পারফরম্যান্স পর্যালোচনায় কমিটি করা হয়েছে। এখন শুধু অংশগ্রহণ নয়, পদকের জন্য লড়াই করতে চায় বাংলাদেশ। আগামী পাঁচ বছরে বড় আসরে পদকের জন্য লড়তে পারে এমন ক্রীড়াবিদ তৈরির লক্ষ্য নিয়েও কাজ চলছে।

ক্রীড়া প্রতিমন্ত্রী জানান, ৫০০ জন ক্রীড়াবিদকে ক্রীড়া কার্ড দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে ভারত পাশাপাশি পরিবহন, বীমা ও স্বাস্থ্যসেবাসহ বিভিন্ন সুবিধা মিলবে। বর্তমানে ৩০০ জন ভাতা পাচ্ছেন। তাদের মধ্যে ৩১ জনকে বাদ দেওয়া হয়েছে। প্রতি চার মাস পরপর কার্যক্রম পর্যালোচনা করে নিষ্ক্রিয়দের বাদ দেওয়া হবে।

এদিকে সাবেক ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগের তদন্ত চলছে বলেও জানান আমিনুল হক। এতে মন্ত্রণালয় সহযোগিতা করছে বলে জানান তিনি।